দৈনিক সংবাদ

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

64

তারিখ 26 JAN 1989
পৃষ্ঠা ১০ কলাম ৫

# পিরোজপুরে শিক্ষক সমিতি ফেডারেশনের সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের পিরোজপুর জেলা সম্মেলন গত ১৭ই জানুয়ারী পিরোজপুর সরকারী কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অধ্যক্ষ শেখ সালেহ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের জয়েন্ট সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ মোয়াজ্জেম হোসাইন খান এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জয়েন্ট সেক্রেটারী জেনারেল মওলানা খোন্দকার নাসিরুদ্দীন ও আজিজুল হক শাহ, দফতর সচিব অধ্যাপক আসাদুল হক এবং কেন্দ্রীয় কমিটির সদস্য অধ্যাপক নকিবুর রহমান। সম্মেলনে উপস্থিত শিক্ষক প্রতিনিধিবৃন্দ তাদের বক্তব্যে শিক্ষকদের বিভিন্ন সমস্যার উল্লেখ করে ফেডারেশনের পক্ষ থেকে পেশকৃত ১৩-দফা দাবী অবিলম্বে পূরণের জন্য সরকারের নিকট জোর দাবী জানান।

সম্মেলনে অধ্যাপক প্রফুল্ল কুমার ভাবুককে সভাপতি এবং কাজী মুজিবর রহমানকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ফেডারেশনের পিরোজপুর জেলা কমিটি গঠন করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।